


# বাংলা ২য় পত্র

## একাডেমিক এন্ড প্রি-এডমিশন প্রোগ্রাম-২৫

ফোকাস
বিশ্ববিদ্যালয় ভর্তি কোচিং



# বাংলা

## ধ্বনি ও বর্ণ, বাংলা শব্দের উচ্চারণসূত্র

**মুহাম্মদ ইলিয়াস হোসাইন**

সিনিয়র শিক্ষক , বাংলা
ফোকাস বিশ্ববিদ্যালয় ভর্তি কোচিং

ফোকাস
বিশ্ববিদ্যালয় ভর্তি কোচিং

## স্বরধ্বনি

অ, আ, ই, ঈ, উ,
ঊ, ঋ,
এ, ঐ, ও, ঔ

মৌলকি স্বরধ্বনি ৭টি।যথা- অ, আ, ই, উ, এ, ও, অ্যা।

- ◆ আনুনাসকি স্বরধ্বনি ৭টি।যথা- অঁ, আঁ, ইঁ, উঁ, এঁ, ওঁ, অ্যাঁ।
- ◆ অর্ধস্বরধ্বনি ৪টি। যথা- ই, উ, এ, ও।
- ◆ যৌগকি বা দ্বস্বিরধ্বনি ২৫ টি (র্পূণ স্বরধ্বন+র্অধস্বরধ্বন)। যথা- আই্, এই্, আও্, আএ্, উই্, অএ্, ওউ্, ওই্, এউ্ ইত্যাদ।
- ◆ বাংলা র্বণমালায় দুটি দ্বিস্বরধ্বনির জন্য আলাদা র্বণ নির্ধারিত আছে। বা যৌগকি স্বরজ্ঞাপক র্বণ ২টি। যথা- ঐ = অ/ও+ই এবং ঔ = অ/ও+উ।

স্বরবর্ণে হ্রস্বস্বর ৪টি। অ,ই, উ, ঋ।

- স্বরবর্ণে দীর্ঘস্বর ৭টি। আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ
- 'ঋ' কে প্রকৃত স্বরবর্ণ বলা হয় না।

এটি সংস্কৃত প্রয়োগ।

- কারবর্ণ:

অ, আ, ই, ঈ, উ,
ঊ, ঋ,
এ, ঐ, ও, ঔ

০১. ভাষার মূল উপাদান কী? [চবি 'খ' (শিঃ-২) ২২-২৩]

ক) ধ্বনি খ) শব্দ
গ) বাক্য ঘ) বর্ণ

০২. স্বরবর্ণে সংক্ষিপ্ত রূপ- [রাবি 'এ' (গ্রুপ-২) ২১-২২]

ক) ফলা খ) কার
গ) ধাতু ঘ) প্রত্যয়

০৩. ধ্বনির প্রতীককে কী বলা হয়? [রাবি 'সি' (গ্রুপ-১) ২১-২২]

ক) বর্ণ
খ) ছন্দ
গ) সংকেত
ঘ) শব্দ

০৪. একই সঙ্গে উচ্চারিত দুটি মিলিত স্বরধ্বনিকে বলে? [এঝএঃ 'অ' ২০-২১]

ক) স্বসঙ্গতি
খ) যৌগিক স্বর
গ) যুগ্মব্যঞ্জন
ঘ) মধ্যস্বর

০৫. মৌলিক স্বরধ্বনি কোনটি? [কুবি 'বি' ১৬-১৭]

ক) ঈ খ) ঐ

গ) ঔ ঘ) ও

৬.বাংলা ভাষায় স্বরবর্ণ ও স্বরধ্বনির অনুপাত কত? [ঢাবি 'ঘ' ১৮-১৯ ]

ক) ১১ : ৯ খ) ১১ : ৭

গ) ১১ : ১০ ঘ) ১১ : ৬

## স্বরধ্বনি উচ্চারণের ছক

| জিভের উচ্চতা | জিভের অবস্থান | | | ঠোঁটের উন্মুক্তি |
|---|---|---|---|---|
| | সম্মুখ | মধ্য | পশ্চাৎ | |
| উচ্চ | ই | | উ | সংবৃত |
| উচ্চ-মধ্য | এ | | ও | অর্ধ-সংবৃত |
| নিম্ন-মধ্য | অ্যা | | অ | অর্ধ-বিবৃত |
| নিম্ন | | আ | | বিবৃত |

০১. বাংলা ধ্বনতিত্ত্বে জিহ্বার উচ্চতা অনুসারে প্রথম বাংলা স্বরধ্বনি কোনট? [ঢাবি গ ২১-২২]

ক) অ
খ) আ
গ) ই
ঘ) ও

০২. উচ্চারণরে সময় জিভের উচ্চতা অনুসারে কোনটি নম্নি স্বরধ্বন? [সাত কলজে 'বাণজ্যি' ২২-২৩]

ক) অ
খ) আ
গ) ই
ঘ) ঈ

০৩. কোন দুটি অর্ধ-সংবৃত স্বরধ্বন? [ 'ই' ২০-২১]

ক) অ্যা, আ
খ) অ, উ
গ) ই, উ
ঘ) এ, ও

০৪. কোনটি সম্মুখ সংবৃত স্বরধ্বন? [জবি 'খ' (সেট-ক) ১৭-১৮]

ক) উ
খ) এ
গ) ও
ঘ) ই

# ধ্বনি ও বর্ণ, বাংলা শব্দের উচ্চারণসূত্র



| উচ্চারণস্থান | অঘোষ | | ঘোষ | | |
|---|---|---|---|---|---|
| | অল্পপ্রাণ | মহাপ্রাণ | অল্পপ্রাণ | মহাপ্রাণ | নাসিক্য |
| কণ্ঠ | ক | খ | গ | ঘ | ঙ |
| তালু | চ | ছ | জ | ঝ | ঞ |
| মূর্ধা | ট | ঠ | ড | ঢ | ণ |
| দন্ত | ত | থ | দ | ধ | ন |
| ওষ্ঠ | প | ফ | ব | ভ | ম |

## ধ্বনি ও বর্ণ সম্পর্কিত জটিলতা

| ধ্বনির সংখ্যা | বর্ণের সংখ্যা |
|---|---|
| নাসিক্য ব্যঞ্জনধ্বনি ৩টি<br>ঙ, ন, ম | নাসিক্য ব্যঞ্জনবর্ণ ৭টি<br>ঙ, ঞ, ণ, ন, ম, ং, ঁ |
| উষ্ম ব্যঞ্জনধ্বনি ৩টি<br>শ, স, হ | উষ্ম ব্যঞ্জনবর্ণ ৪টি<br>শ, ষ, স, হ |
| শিস ব্যঞ্জনধ্বনি ২টি<br>শ, স | শিস ব্যঞ্জনবর্ণ ৩টি<br>শ, ষ, স |
| পার্শ্বিক ব্যঞ্জনধ্বনি ও বর্ণ: ল | কম্পিত ব্যঞ্জনধ্বনি ও বর্ণ: র |
| তাড়িত ব্যঞ্জনধ্বনি ও বর্ণ: ড়, ঢ় | পরাশ্রয়ী ব্যঞ্জনবর্ণ: ং, ঃ, ঁ |
| অন্তঃস্থ ব্যঞ্জনবর্ণ: য, র, ল, ব | বিন্দুব্যঞ্জনবর্ণ: র, ড়, ঢ়, য়, ঁ |

০১. কোন ধ্বনিকে ঘোষধ্বনি বলে? [রাবি 'এ' (গ্রুপ-৪) ২২-২৩]

ক) বর্গের প্রথম ও দ্বিতীয় ধ্বনিকে খ) বর্গের তৃতীয় ধ্বনিকে

গ) বর্গের তৃতীয় ও চতুর্থ ধ্বনিকে ঘ) বর্গের প্রথম ধ্বনিকে

০২. উচ্চারণ স্থান অনুসারে 'প' কোন ধ্বনি? [রাবি 'বি' (গ্রুপ-১) ২২-২৩]

ক) ওষ্ঠ্য খ) তালব্য

গ) কণ্ঠ্য ঘ) দন্ত্য

০৩. কয়টি ব্যঞ্জনবর্ণ পূর্ণমাত্রা দিয়ে লেখা হয়? [চবি 'খ' (শিঃ-১) ২২-২৩]

ক) ২৬টি খ) ২৮টি

গ) ২৪টি গ) ৩২টি

০৪. বাংলা বর্ণমালায় মাত্রাহীন বর্ণ কয়টি? [চবি 'ঘ' (শিঃ-২) ২২-২৩]

ক) আটটি খ) দশটি

গ) নয়টি ঘ) সাতটি

০৫.কোনগুলো অঘোষ অল্পপ্রাণ ধ্বনি? [রাবি 'এ' (গ্রুপ-৩) ২১-২২]

ক) ক, চ, ট, ত, প    খ) খ, ছ, ঠ, থ, ফ

গ) গ, জ, ড, দ, ব    ঘ) ঘ, ঝ, ঢ, ধ, ভ

০৬.'প' বর্গের বর্ণ সংখ্যা কয়টি? [রাবি 'এ' (গ্রুপ-৪) ২১-২২]

ক) ৫টি    খ) ৬টি

গ) ৩টি    ঘ) ৪টি

০৭. 'ড়' একটি –– ধ্বনি। [ঢাবি 'খ' ২১-২২]

ক) তরল
খ) উষ্ম
গ) কম্পনজাত
ঘ) তাড়নজাত

০৮. উচ্চারণ স্থান অনুযায়ী 'ক' কোন ধরনের বর্ণ? [রাবি 'ক' (গ্রুপ-৩) ২০-২১]

ক) ঔষ্ঠবর্ণ
খ) দন্তবর্ণ
গ) তালব্যবর্ণ
ঘ) কণ্ঠবর্ণ

০৯. বাংলা ভাষায় স্পর্শব্যঞ্জন কতটি? [জবি 'খ' (সেট-ক) ১৭-১৮]

ক) ২২টি
খ) ২৫টি
গ) ২৬টি
ঘ) ১১টি

১০. কোন দুটি অঘোষ ধ্বনি? [রাবি 'আইইআর' ১৭-১৮]

ক) চ, ছ
খ) ড, ঢ
গ) ব, ভ
ঘ) দ, ধ

১১. অঘোষ ধ্বনি কোনটি? [কনবি 'ক' ১৬-১৭]

ক) জ
খ) ড
গ) ব
ঘ) ঠ

১২. চ-বর্গীয় ধ্বনির আগে কোনটি ব্যবহৃত হয়? [খুবি 'এস' ১৬-১৭]

ক) এ
খ) ঞ
গ) ণ
ঘ) ন

# বাংলা শব্দের উচ্চারণসূত্র

| বানানের বর্ণ | উচ্চারণের বর্ণ | প্রয়োগ |
|---|---|---|
| ক্ষ (প্রথমে) | খ | (ক্ষয়---- খয়্) |
| ক্ষ (মধ্যে - শেষে) | ক্খ | (শিক্ষা-- শিক্খা) |
| ন/ণ | ন | (অরুণ --- ওরুন্ ) |
| ই/ঈ | ই | (গীত ---- গিত্) |
| য/জ | জ | (যখন --জখোন্) |
| উ/ঊ | উ | (কূল ---- কুল্) |
| শ/ষ/স (Sh) | শ | (বসা -- বশা) |
| S | স | (শ্রম --- স্রোম) |

# বাংলা শব্দের উচ্চারণসূত্র

| বানানের বর্ণ | উচ্চারণের বর্ণ | প্রয়োগ |
|---|---|---|
| ঙ/ং | ঙ/ং | (অক্ষাংশ -ওক্‌খাঙশো অংশ- অংশো) |
| ঐ | ওই | (ঐশী -- ওইশি) |
| ঔ | ওউ | (ঔষধ --ওউশ্‌ধ - নৌকা - নোউকা) |
| মহাপ্রাণ+ ্য | | অল্পপ্রাণ + মহাপ্রাণ |
| ২+ ্য | | ১+২ = মুখ্য -- মুক্‌খো তথ্য - তোত্‌থো |
| ৪+্য | | ৩+৪ = বাধ্য - বাদ্‌ধো অধ্যক্ষ - ওদ্‌ধোক্‌খো |
| হ্য | জ্ঝ | (ঐতিহ্য ---ওইতিজ্‌ঝো) |

## ‘অ’ এর সংবৃত উচ্চারণ

### আদ্য- অ

‘অ’ এর পরে যদি ই/ঈ/উ/ঊ/ য-ফলা/র-ফলা/ক্ষ/জ্ঞ-/ ঋ-কার থাকে, তবে শব্দের প্রথমের ‘অ’ সাধারণত ও-কারের মতো হয়।

| |
|---|
| অভিধান - ওভিধান্ |
| অতীত- ওতিত্ |
| অরুণ - ওরুন্ |
| কূল - কুল্ |
| গদ্য - গোদ্দো |
| কক্ষ - কোক্খো |
| অদ্য - ওদ্দো |
| তরুণ - তোরুন্ |

| |
|---|
| গদ্য - গোদ্দো |
| অধ্যক্ষ - ওদ্ধোক্খো |
| ভক্ষণ - ভোক্খোন্ |
| বক্তৃতা - বোক্তৃতা |
| শ্রম - স্রোম্ |
| যজ্ঞ - জোগ্গোঁ |
| |
| |

বি:দ্র: অসমাপিকা ক্রিয়ার আদ্য - অ সংবৃত হয় । করে - কোরে, বলে - বোলে

## 'অ' এর সংবৃত উচ্চারণ

### মধ্য- অ

শব্দমধ্যস্থিত 'অ' এর পরে যদি ই/ঈ/উ/ঊ/ য-ফলা/র-ফলা/ক্ষ/জ্ঞ-/ ঋ-কার থাকে তাহলে শব্দমধ্যস্থিত 'অ' এর উচ্চারণ সাধারণত ও-কারের মতো হয়ে থাকে।

| |
|---|
| তপস্বী - তপোশ্‌শি |
| হেমকূট - হেমোকুট্ |
| শতমূল - শতোমুল |
| অদম্য - অদোম্‌মো |

## ‘অ’ এর সংবৃত উচ্চারণ

### অন্ত্য- অ

০১. ত/ইত/তর/তম/ আন (আনো) ক্ত প্রত্যয়ান্ত শব্দের অন্তিম ‘অ’ ও-কারান্ত উচ্চারিত(সংবৃত) হয়।

| |
|---|
| মৃত - মৃতো |
| রক্ষিত - রোক্‌খিতো |
| পরীক্ষিত - পোরিক্‌খিতো |
| বৃহত্তর- বৃহত্‌তরো |
| বঞ্চিত - বোন্‌চিতো |
| প্রিয়তম - প্রিয়তমো |
| সাঁতরান - শাঁত্‌রানো |

## ‘অ’ এর সংবৃত উচ্চারণ

### অন্ত্য- অ

০২. অন্তিম ‘অ পূর্বে ং/ঃ থাকলে অন্তিম অ ও-কার হয়/ সংবৃত

| | |
|---|---|
| অংশ - অংশো | |
| দুঃখ - দুক্‌খো | |

০৩. যুক্ত ব্যঞ্জনবর্ণের অন্তিম ‘অ’ ও-কারান্ত উচ্চারিত হয়।

| | |
|---|---|
| পক্ষ - পোক্‌খো | |
| কক্ষ - কোক্‌খো | |

# ‘অ’ এর বিবৃত উচ্চারণ

শব্দের আদ্যে অ - নেতিবাচক অর্থ দিলে

অনাচার, অনেক, অমানিশা

আ যুক্ত ধ্বনির পূর্ব অ বিবৃত হয়

কথা , অনাথ

ই/ঋ/এ/ঐ/ঔ ধ্বনির পরবর্তী অ প্রায়ই বিবৃত

মিত, তৃণ ,দেব, ধৈর্য, মৌন

## ‘‘আ’ এর বিবৃত উচ্চারণ

স্বাভাবিক বা বিবৃত উচ্চারণ [আ]:

আকাশ - আকাশ্] রাত - রাত্ আলো - আলো

## ‘‘আ’ এর বিকৃত উচ্চারণ

বিকৃত উচ্চারণ [অ্যা]:

শব্দের আদিতে ‘জ্ঞ’ এবং ‘য-ফলা’ ব্যঞ্জনের আ সংযুক্ত হলে সেই আ এর উচ্চারণ প্রায়শ ‘অ্যা’ এর মতো হয়ে থাকে।

| | |
|---|---|
| জ্ঞান - গ্যাঁন্ | জ্ঞাত - গ্যাঁতো |
| জ্ঞাতি - গ্যাঁতি | জ্ঞাপন - গ্যাঁপোন্ |
| জ্ঞাপক - গ্যাঁপোক্ | ব্যক্তি - ব্যাক্তি |

# 'এ' এর বিবৃত উচ্চারণ

এ যদি এ মতো উচ্চারণ হয় =সংবৃত আবার এ যদি এ্যা মতো উচ্চারণ হয়= বিবৃত

বিবৃত নিয়ম :

দুই অক্ষর বিশিষ্ট সর্বনাম = বিবৃত

| |
|---|
| কেন - ক্যানো |
| হেন - হ্যানো |
| * যেথা , সেথা , হেথা |

এ এর পরে ং/ঁ থাকলে এ বিবৃত

| |
|---|
| লেংড়া - ল্যাংড়া |
| খেংড়া - খ্যাংড়া |

# ‘এ’ এর সংবৃত উচ্চারণ

- এ যদি এ মতো উচ্চারণ হয় =সংবৃত
- পদেও শেষে এ ধ্বনি সংবৃত হয় → পথে ,ঘাটে
- একাক্ষর বিশিষ্ট সর্বনাম / অব্যয় এ ধ্বনি সংবৃত → কে ,সে , যে
- এ+হ হলে এ সংবৃত আর হ এর সাথে ও-কার হবে → দেহ - দেহো কেহ - কেহো
- এ+ই/উ হলে এ সংবৃত → বেলুন , দেখিনা
- তৎসম শব্দে এ ধ্বনি সংবৃত → দেশ - দেশ্ প্রেম - প্রেম্

## ‘ঋ’ এর উচ্চারণ

স্বাধীনভাবে ব্যবহৃত হলে ‘ঋ’-এর উচ্চারণ ‘রি’ এর মত।

| |
|---|
| ঋষি - রিশি |
| ঋণ - রিন্ |
| ঋতু - রিতু |

আর ব্যঞ্জনবর্ণের সাথে যুক্ত হলে, তার রূপ অপরিবর্তিত থাকবে বা র-ফলা দিয়ে উচ্চারিত হবে

| | |
|---|---|
| মাতৃ - মাতৃ | আবৃত - আবৃতো |
| পিতৃব্য - পিতৃত্ব্বো | কৃষক - ক্রিশক্ |
| দৃশ্য - দ্রিশ্শো | |

# বিসর্গ(ঃ)

পদের অন্তে (বিসর্গ)- প্রায়শ ও-কারান্ত উচ্চারিত হয়

| | |
|---|---|
| পুনঃ - পুনো | |
| অধঃ - অধো | |

পদের মধ্যে বিসর্গ থাকলে পরবর্তী ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব উচ্চারণ হয়ে থাকে

| | |
|---|---|
| দুঃসময় - দুশ্‌শময় | |
| দুঃখ - দুক্‌খো | |

## 'হ্ন, হ্ন, ক্ষ্ম, হ্ল, হ্য, হ্ব' এর উচ্চারণ:

যুক্ত ব্যঞ্জনের উচ্চারণ বর্ণ ক্রমিক হয়

| | |
|---|---|
| অপরাহ্ণ - অপোরান্‌হো | চিহ্ন - চিন্‌হো |
| অহ্ন - অন্‌হো | ব্রাহ্মণ - ব্রাম্‌হোন |
| ব্রহ্মান্ড - ব্রোম্‌হান্‌ডো | আহ্লাদ - আল্‌হাদ |
| ঐতিহ্য - ওইতিজ্‌ঝো | উহ্য - উজ্‌ঝো |
| আহ্বান - আওভান্‌ | গহ্বর - গওভর্‌ |
| বিহ্বল - বিউভল্‌ | জিহ্বা - জিউভা |

## য-ফলা’ এর উচ্চারণ:

য-ফলা প্রথমে থাকলে স্বরের উচ্চারণে পরিবর্তন হয়

| | |
|---|---|
| ব্যতীত - বেতিতো | ব্যথা - ব্যাথা |

শব্দের মাঝখানে বা শেষে বর্ণের সাথে য-ফলা যুক্ত থাকলে ঐ বর্ণের উচ্চারণ দ্বিত্ব হয়

| | |
|---|---|
| উদ্যম - উদ্‌দম্‌ | গদ্য - গোদ্‌দো |

শব্দের মধ্যে বা শেষে যুক্ত ব্যঞ্জনের সাথে য-ফলা থাকলে তার উচ্চারণ হয় না

| | |
|---|---|
| সন্ধ্যা - শোন্‌ধা | স্বাস্থ্য - শাস্‌থো |

| |
|---|
| অর্ঘ্য - অর্‌ঘো |

## ব-ফলা ও ম-ফলা :

পদের আদ্য ব্যঞ্জনবর্ণে 'ব'-ফলা/ 'ম' ফলা সংযুক্ত হলে সাধারণত সে ব-ফলা/ 'ম' ফলার কোনো উচ্চারণ হয় না

| | |
|---|---|
| স্বাধিকার - শাধিকার্ | স্বাধীন - শাধিন্ |
| স্বদেশ - শদেশ্ | স্মরণ - শঁরোন্ |
| শ্মশান - শঁশান্ | স্মৃতি - সৃঁতি |

পদের মধ্যে কিংবা শেষে 'ব' ফলা/ 'ম' ফলা থাকলে সংযুক্ত বর্ণের উচ্চারণ দ্বিত্ব হয়

| | |
|---|---|
| দ্বিত্ব - দিত্তো | অশ্ব - অশ্শো |
| বিশ্ব - বিশ্শো | ছদ্ম - ছদ্দোঁ |
| পদ্ম - পদ্দোঁ | আত্মীয় - আত্তিঁও |

## ব-ফলা ও ম-ফলা :

উৎ (উদ্) উপসর্গযোগে গঠিত শব্দের 'ৎ' (দ্) এর সঙ্গে 'ব-ফলার 'ব' বাংলা উচ্চারণে সাধারণত অবিকৃত থাকে

| | |
|---|---|
| উদ্বেগ - উদ্‌বেগ্ | উদ্বোধন - উদ্‌বোধন্ |

বাংলা শব্দে ক্ থেকে সন্ধির সূত্রে আগত 'গ্'এর সঙ্গে 'ব-ফলা' যুক্ত হলে সেক্ষেত্রে 'ব' এর উচ্চারণ প্রায়শ অক্ষত থাকে

| | |
|---|---|
| দিগ্বিদিক - দিগ্‌বিদিক্ | দিগ্বলয় - দিগ্‌বলয়্ |

## ব-ফলা ও ম-ফলা :

এছাড়া 'ব' এর সঙ্গে এবং 'ম' এর সঙ্গে  ব-ফলা যুক্ত হলে, সে 'ব' -এর উচ্চারণ অবিকৃত থাকে

| | |
|---|---|
| বাব্বা - বাব্‌বা | সব্বাই - শব্‌বাই |
| সাব্বাশ - সাব্‌বাশ্‌ | মাম্মা- মাম্‌মা |

০১. 'শ্রাবণ' শব্দের উচ্চারণ-

ক) শ্রাবোন খ) স্রাবোন্

গ) শ্রাবোন্ ঘ) স্রাবন্

০২. 'আহ্বান' এর প্রকৃত উচ্চারণ কী?

ক) আওবান্ খ) আহ্বান্

গ) আহোব্বান ঘ) আওভান্

# ধ্বনি ও বর্ণ, বাংলা শব্দের উচ্চারণসূত্র



০৩.‘শ্মশান’ শব্দটির উচ্চারণ-

ক) শশান্ খ) শষান্
গ) শঁশান্ গ) শসাঁন্

০৪. ‘স্মৃতিসৌধ’ শব্দের উচ্চারণ-

ক) সৃতিশৌউধ্ খ) সৃতিসোউধো
গ) সৃঁতিশোউধো ঘ) সৃঁতিশোউধ্

# সমাপ্ত

ফোকাস
বিশ্ববিদ্যালয় ভর্তি কোচিং